

ওয়ার্ড লেভেল কো অর্ডিনেশন কমিটি

২৬ নং ওয়ার্ড

সভার কার্য বিবরণী

সভা নং-০২

সভার তারিখ ও সময়ঃ ১০ জুন ২০২৩ ইং তারিখ রাত ৯.০০ ঘটিকা।

স্থানঃ কাউন্সিলর কার্যালয়, ২৬ নং ওয়ার্ড, সিলেট সিটি কর্পোরেশন।

সভাপতিঃ জনাব মোহাম্মদ তৌফিক বকস, কাউন্সিলর, ২৬ নং ওয়ার্ড ও প্যানেল মেয়র-১, সিলেট সিটি কর্পোরেশন।

আলোচ্য সূচীঃ ওয়ার্ডের পরিষ্কার পরিচ্ছন্নতা ও বর্জ্য ব্যবস্থাপনা,

সভাপতি মহোদয় ওয়ার্ড লেভেল কো অর্ডিনেশন কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করার মাধ্যমে সভায় স্বাগত জানান। সভাপতি মহোদয় কমিটির সকল সদস্য বৃন্দকে সভায় আলোচ্য বিষয়ে উন্মোক্ত আলোচনার আহ্বান জানান।


জনাব খন্দকার মহসিন কামরান বলেন, পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ে সকল শ্রেণী-পেশার মানুষের অংশগ্রহণ ও সচেতনতা প্রয়োজন। আগামী সিটি নির্বাচন পরে কমিটি আবার বসবে এবং এ ব্যাপারে কমিটির সকলকে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করার অনুরোধ জানান।

জনাব ওয়ার্ড সচিব সুলতান আহমদ বলেন, ২৬ নং ওয়ার্ডে আবর্জনাবাহী ভ্যান সীমিত আকারে চলছে। সম্মানিত নাগরিকবৃন্দের এই চর্চা নেই বললে চলে। এ ব্যাপারে সবাইকে কাজ করতে হবে।

কাউন্সিলর জনাব মোঃ তৌফিক বকস বলেন, সিলেট সিটি কর্পোরেশন নির্বাচন আগামী ২১ জুন ২০২৩ অনুষ্ঠিত হতে যাচ্ছে। আমি নির্বাচনে কাউন্সিলর প্রার্থী। নির্বাচনের মধ্য দিয়ে নতুন পরিষদ আসবে। আল্লাহ তা'আলার মেহেরবানীতে আমি যদি নির্বাচিত হই, এলাকার সকল শ্রেণী-পেশার মানুষের সাথে আলোচনা ও কার্যকরী যোগাযোগের মাধ্যমে বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে ওয়ার্ড লেভেল কো অর্ডিনেশন কমিটি কাজ করবে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভার মূলতবী ঘোষণা করা হয়।

অনুরোধক্রমে



(মোহাম্মদ তৌফিক বকস)

কাউন্সিলর ও প্যানেল মেয়র ০১,

এবং সভাপতি, ওয়ার্ড লেভেল কো অর্ডিনেশন কমিটি,

২৬ নং ওয়ার্ড, সিলেট সিটি কর্পোরেশন